দৈনিক
আমাদের সময়

তারিখ ... 12 NOV 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

# ৫২৫ শিক্ষার্থীকে বৃত্তি দিল ঢাবি অ্যালামনাই

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের বিভিন্ন বিভাগের ৫২৫ মেধাবী, অসচ্ছল ও প্রতিবন্ধী শিক্ষার্থীকে বৃত্তি দিয়েছে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন। গতকাল বিকালে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির চেক প্রদান করেন। অনুষ্ঠানে স্পিকার শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তরুণ প্রজন্মকে শুধু জ্ঞাননির্ভর শিক্ষায় শিক্ষিত হলে চলবে না, তথ্যপ্রযুক্তির শিক্ষায়ও শিক্ষিত হতে হবে। তিনি আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বলেন, এটি একটি মহৎ উদ্যোগ। যারা বৃত্তি কার্যক্রমকে এগিয়ে নিতে সাহায্য করেছেন, তাদের আন্তরিক ধন্যবাদ। এ ধরনের কার্যক্রমে যারা দেশের শীর্ষপর্যায়ে আছেন, তারা যদি এগিয়ে আসেন, তা হলে সবাই সুশিক্ষা লাভ করতে পারবে। বঙ্গবন্ধুর সোনার বাংলায় সবাই যাতে সমান সুযোগ-সুবিধা লাভ করতে পারে, সেদিকে লক্ষ্য রাখার জন্য স্পিকার গুরুত্ব আরোপ করেন।